

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাগনভূঞা, ফেনী।

স্মারক নং- ৩১.২০.৩০২৫.০০২.১৬.০০২.১৯- ৪৭

তারিখঃ ০১/০১/২০১৯ খ্রিঃ

১৪২৬-১৪২৮ বঙ্গাব্দের জন্য সরকারি বন্ধ জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলায় নিম্নোক্ত তফসিলে বর্ণিত জলমহালসমূহ ১৪২৬ বঙ্গাব্দ হতে ১৪২৮ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	জলমহালের নাম	মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং	আয়তন (একরে)	সরকারি মূল্য (বার্ষিক)
০১	আলাইয়ারপুর পুকুর	১৭৩ নং আলাইয়ারপুর	০১	৪০	০.৫৩০০	৩,৩৫০/-
০২	বাথানিয়া পুকুর	২৭ নং জয়নারায়ণপুর	০১	২৪১৬	০.৭২০০	১৩,৫৫০/-
০৩	চন্ডিতলা দিঘী	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	১৮৬	১.৮৭০০	১৭,৯৫০/-
০৪	সমাসপুর পুকুর	২১ নং সমাসপুর	০১	১৫৬৩	০.৩৩০০	৬,৯৫০/-
০৫	আবদুল নবী খাস পুকুর	২০ নং আবদুল নবী	০১	১৪৭	০.২২০০	১,১০০/-
০৬	জয়নারায়ণপুর পদুয়া দিঘী	২৭ নং-জয়নারায়ণপুর	০১	১০০৩	১.৫৩	৪৪,০০০/-
০৭	জয়নারায়ণপুর খাস পুকুর	২৭নং-জয়নারায়ণপুর	০১	৪১৫	০.২১	২,৭০০/-
০৮	শরীফপুর জলমহাল (ভেলুয়া দিঘি)	৩০নং শরীফপুর (দাগনভূঞা) আবুপুর (ফেনী সদর)	০১	৮৫৪	৪.০২০০ ৩.৯১০০	৯০,০০০/-


দরপত্র নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, দাগনভূঞা অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত সংগ্রহ করা যাবে। ১ম দরপত্র দাখিলের তারিখ ০৮/০২/২০১৯ খ্রিঃ, কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া না গেলে ২য় দরপত্র দাখিলের তারিখ ২৮/০২/২০১৯ খ্রিঃ এবং কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া না গেলে তয় দরপত্র দাখিলের তারিখ ২২/০৩/২০১৯ খ্রিঃ। সকাল ৯:০০ টা হতে বেলা ২:০০ টা পর্যন্ত দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞায় রক্ষিত বাঞ্ছ জমা দিতে হবে এবং দরপত্রসমূহ ঐ দিনই বিকাল ৩:৩০ টার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলীঃ

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ১৪ ই মার্চ ২০১২ খ্রিঃ তারিখের সংশোধনী মোতাবেক ক) প্রকৃত মৎস্যজীবীদের খ) বেকার যুবক গ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ঘ) যুব মহিলা ঙ) বিধবা ও স্বামী পরিত্যক্তা চ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য ছ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি (সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত), সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল ইজারা প্রদান করা হবে।
০২. আবেদনের সাথে সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন সনদ (রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র), সংগঠন/সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণী, সদস্য এবং নির্বাহী কমিটির নামের তালিকা (ঠিকানা সহ), জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সির সার্টিফিকেট, অডিট রিপোর্ট (প্রয়োজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
০৩. প্রকৃত মৎস্যজীবীদের ক্ষেত্রে স্থানীয় ইউ.পি চেয়ারম্যান কর্তৃক মৎস্যজীবী হিসেবে সনদপত্র গ্রহণ পূর্বক দাখিল করতে হবে।
০৪. দরপত্রে উল্লেখিত ০৩ (তিন) বছরের মোট মূল্যের ২০% জামানত হিসেবে তফসিল ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী অনুকূলে প্রদান করতে হবে। জামানতের টাকা ৩য় বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে।
০৫. বছর ভিত্তিক ইজারা মূল্য পরিশোধ করতে হবে।



০৬. সাবোর্ডে দরপত্রের দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ১ম বছরের ইজারা মূল্য পরিশোধ করতে হবে।
০৭. ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংগঠন কোন অবস্থাতেই ইজারা প্রাপ্ত জলাশয় সম্পূর্ণ কিংবা আংশিক সাব-লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীর নিকট হস্তান্তর করতে পারবে না।
০৮. কোন মৎস্যজীবী সমন্বয় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।
০৯. জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ম অনুযায়ী ইজারা গ্রহীতাকে ভ্যাট ও আয়কর জমা দিতে হবে।
১০. কর্তৃক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



 ৩১.০৭.১৯
 (মোঃ সাইফুল ইসলাম জুঞা)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
 দাগনভূঞা, ফেনী।

স্মারক নং- ৩১.২০.৩০২৫.০০২.১৬.০০২.১৯- ৪২

তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রিঃ

অনুশিপি ৪ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১. মাননীয় সংসদ সদস্য, ফেনী-০৩।
০২. জেলা প্রশাসক, ফেনী।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফেনী।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।
০৬. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী। তাঁর নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭. উপজেলা কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।
০৮. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী। তাঁকে তার ইউনিয়নে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯. জনাব.....
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), পৌর/ইউনিয়ন ভূমি অফিস, দাগনভূঞা, ফেনী। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. নোটিশ বোর্ড।


 ৩১.০৭.১৯
 সহকারী কমিশনার (ভূমি)
 ও
 সদস্য সচিব
 উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
 দাগনভূঞা, ফেনী।